# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
## নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্যবিবরণী
## UGIAP: এডভান্সড পর্যায়

সভাপতিঃ জনাব রফিকুল আলম, মেয়র, খাগড়াছড়ি পৌরসভা। সভার তারিখ ঃ ২১/০৬/২০১৭ খ্রি.। সভার স্থানঃ খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়। সময়ঃ সকাল- ১১.৩০ টায়। রোজঃ বৃহস্পতিবার

সভার উপস্থিতি : ৬ষ্ঠ পৌর পরিষদের ৬ষ্ঠ তম সভা। (এডভান্সড পর্যায়ের ৪র্থ সভা)
সভার উপস্থিতি পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য।

সভাপতি অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব বেগম পারভীন আক্তার খোন্দকার সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নরূপ মতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী পাঠ করেন জনাব পারভীন আক্তার খোন্দকার, সচিব, খাগড়াছড়ি পৌরসভা। | কার্যবিবরনী সঠিক আছে। | সংশোধন নেই। | কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। |

**UGIAP সংক্রান্তঃ**

১. আলোচ্যসূচী - নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহন।
২. আলোচ্যসূচী - নগর পরিকল্পনা ।
৩. আলোচ্যসূচী - নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অর্ন্তভূক্তিকরণ।
৪. আলোচ্যসূচী - স্থানীয় সম্পদ আহরন ও বৃদ্ধি।
৫. আলোচ্যসূচী - আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়ীত্বশীলতা।
৬. আলোচ্যসূচী - প্রশাসনিক স্বচ্ছতা।
৭. আলোচ্যসূচী - বিবিধ।

ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

<table>
<tr><th>ক্রম</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড<br>পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার<br>সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত<br>ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td>১.১</td><td>• TLCC গঠন ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা)<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>• সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা।</td><td>• নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• আলোচনায় মহিলা ও দরিদ্রসহ সকল সদস্যের অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• সভার কার্য পত্র প্রণীত ও প্রকাশিত এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করণ</td><td>TLCC সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সদস্যদের মধ্যে বিতরণ সহ আগামী ০৫/০৭/২০১৭ এর মধ্যে PMO তে প্রেরণ করা হবে।</td><td>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত ও অগ্রগতি পরবর্তী সভায় পর্যালোচনা করা হয়।<br>• পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুসারে গত ১৭/০২/২০১৬ খ্রি. তারিখের ৬ষ্ঠ পৌর পরিষদের ১ম মাসিক অধিবেশনে ৫০ সদস্য বিশিষ্ট TLCC কমিটি গঠন করা হয়।<br>TLCC কমিটি<br>
<table>
<tr><th>পদবী</th><th>সংখ্যা</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>মেয়র</td><td>১ জন</td><td>চেয়ারপার্সন</td></tr>
<tr><td>কাউন্সিলর</td><td>১২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি</td><td>৮টি</td><td>সদস্য</td></tr>
<tr><td>পেশাজীবি প্রতিনিধি</td><td>৫ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>এনজিও বেসরকারি সংস্থার প্রতিনিধি</td><td>৪ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নাগরিক সমাজের প্রতিনিধি</td><td>১২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নগর দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি</td><td>৭ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সচিব, পৌরসভা</td><td>১ জন</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
• যথাসময়ে TLCC সভা অনুষ্ঠিত হয়। কার্যবিবরণী প্রস্তুত এবং সদস্যদের মধ্যে বিতরণ সহ PMO তে প্রেরণ করা হয়েছে।<br>• ১৪/০৬/২০১৭ খ্রি. তারিখ TLCC সভার নোটিশ প্রদান করা হয়।</td><td>• TLCC সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সদস্যদের মধ্যে বিতরণ সহ আগামী ০৫/০৭/২০১৭ খ্রি. তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে।</td><td>মেয়র/সচিব</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড<br>পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার<br>সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত<br>ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>• WC গঠন/ ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>• সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা।<br>• ওয়ার্ড কমিটির (WC) সুপারিশ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>• নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• আলোচনায় মহিলা ও দরিদ্রসহ সকল সদস্যের অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• সভা আয়োজিত ও রেকর্ড সংরক্ষিত এবং পৌরসভাকে অবহিত করণ</td><td>• WC সভা সমূহ যথাসময়ে সম্পাদন করাসহ রিপোর্ট পিএমও তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ওয়ার্ড কমিটির সদস্যদের সহযোগীতায় প্রতিটি ওয়ার্ডের বাড়ি বাড়ি গিয়ে পৌর কর পরিশোধের বিষয়ে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>• সকল ওয়ার্ডের WC সভার সমূহ যথা সময়ে সম্পন্ন করা হয়েছে। কার্যবিবরণী পৃস্তুত পূর্বক সকল সদস্য কে বিতরণ করাসহ রিপোর্ট প্রেরণ করা হবে।<br>• পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা অনুসারে গত ১৭/০২/২০১৬ খ্রি.তারিখের ৬ষ্ঠ পৌর পরিষদের ১ম মাসিক অধিবেশনে ৯টি ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট ৯টি WC কমিটি গঠন করা হয়।<br>WC কমিটি<table>
<tr><th>পদবী</th><th>সংখ্যা</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>সংশ্লিষ্ট কাউন্সিলর</td><td>১ জন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>মহিলা কাউন্সিলর</td><td>১ জন</td><td>সহ-সভাপতি</td></tr>
<tr><td>নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি</td><td>০১ জন মহিলাসহ ০৩ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নাগরিক সমাজের প্রতিনিধি</td><td>০১ জন মহিলাসহ ০৩ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>পেশাজীবি সংগঠন</td><td>০১ জন মহিলাসহ ০২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী</td><td>১ জন</td><td>সদস্য সচিব</td></tr>
</table>• সভায় সচিব জানান অত্র পৌরসভার ৯টি ওয়ার্ডের WC কমিটির সভা উক্ত সভা সমূহের কার্যবিবরণী পিএমও তে রিপোর্টে আকারে প্রেরণ করা হবে ও সদস্যদের মাঝে বিতরণ করা হবে।</td><td>• WC সভার সভা সমূহ যথাসময়ে সম্পাদন করাসহ রিপোর্ট পিএমও তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী।</td></tr>
<tr><td>১.২</td><td>• নাগরিক সনদ (CC) প্রণয়ন ও বাস্তবায়ন<br>• প্রয়োজনীয় সংশোধন ও</td><td>• নাগরিক সনদ প্রণীত এবং TLCC ও পৌরসভা পরিষদ কর্তৃক অনুমোদিত</td><td>• পৌরসভার সম্মুখসহ শহরের পাঁচটি গুরুত্বপূর্ন পয়েন্টে</td><td>• পৌরসভার সম্মুখসহ শহরের পাঁচটি গুরুত্বপূর্ন পয়েন্টে যেমন- পৌর টার্মিনাল, কোর্ট বিল্ডিং চত্বর, চেঙ্গী স্কোয়ার, স্বনির্ভর বাজারে</td><td>• কার্যক্রম অব্যহত রাখা হবে।</td><td>মেয়র/সচিব, MCC গণযোগাযোগ</td></tr>
</table>

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | পরিবর্তন করা।<br>• পরিবর্তন সংযোজনপূর্বক TLCC ও মাসিক সভায় অনুমোদন ও পৌরসভা অফিসে প্রদর্শন করা। | পৌরসভা অফিস ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে নাগরিক সনদ প্রদর্শিত এবং নির্ধারিত সেবা প্রদান | যেমন- পৌর টার্মিনাল, কোর্ট বিল্ডিং চত্ত্বর, চেঙ্গী স্কোয়ার, স্বনির্ভর বাজারে প্রদর্শনীর জন্য স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রদর্শনীর জন্য নাগরিক সনদ স্থাপন করা হয়েছে।<br>• পৌরসভা অফিসে অভ্যর্থনা ও সেবাপ্রদান কেন্দ্র স্থাপন করা হয়েছে। ১ জন পুরুষ ও ১ জন নারী স্টাফ দ্বারা পৌরসভার অভ্যর্থনা কেন্দ্র পরিচালিত হচ্ছে। | | সেলের সভাপতি |
| ১.৪ | • তথ্য ও অভিযোগ প্রতিকার (GRC) সুনির্দিষ্ট কার্য পরিধিসহ গঠন/ প্রাপ্ত অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।<br>• প্রাপ্ত অভিযোগ/ সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌর পরিষদের মাসিক ও TLCC এর ত্রৈমাসিক সভায় আলোচনা করা। | • পৌরসভা অফিসে অভিযোগ প্রতিকার বাক্স স্থাপিত<br>• নিয়মানুযায়ী অভিযোগ, প্রতিকার সেল গঠিত<br>• প্রয়োজন অনুযায়ী সভা আয়োজিত, GRC কার্যক্রম TLCC কে অবহিত করণ | • এই কমিটির মাধ্যমে পরবর্তীতে কার্যক্রম অব্যাহত রাখার ও কমিটিকে আরো কার্যকরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • চলমান কোয়ার্টারে বিভিন্ন বিষয়ে মোট ২১ টি অভিযোগ পাওয়া যায়। যার মধ্যে নারী অভিযোগকারী ছিলেন-১৩ জন ও পুরুষ অভিযোগকারী ছিলেন-৯ জন। প্রাপ্ত অভিযোগের মধ্যে গুরুত্বপূর্ণ ১২ টি অভিযোগ বাছাই করে নিস্পন্ন করা হয় যার মধ্যে মহিলা ৭ জন, পুরুষ ৫ জন। অভিযোগ নিস্পত্তির জন্য সপ্তাহে দুই দিন ধার্য করার সুপারিশ করা হয়। | • সভাপতি/ প্যানেল মেয়র-০২ এর সভাপতিত্বে প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর অভিযোগ বক্স খোলা ও প্রাপ্ত অভিযোগ সমূহ নিস্পত্তির লক্ষে সপ্তাহে দুই দিন দিন ধার্য্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আহ্বায়ক Grievance Redress Cell (GRC) |

ক্ষেত্র - ২ ঃ নগর পরিকল্পনা (Urban Planning) ও অবকাঠামো উন্নয়ন

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ২.১ | • পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) প্রণয়ন ও বাস্তবায়ন | • PDP অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত | • পিডিপি অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত হচ্ছে। | • সভাপতি জানান পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডের জন্য গৃহীত উন্নয়ন প্রকল্পের স্কীম সমূহ প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। এ কোয়ার্টারে সর্বশেষ ৩৭ টি স্কীম e-gp এর মাধ্যমে দরপত্র আহ্বান করা | • পিডিপি অনুসারে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।<br>• প্রকল্প অফিস কর্তৃক নির্দেশনা অনুযায়ী সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হচ্ছে। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | হয়েছিল। যার মধ্যে রাস্তা ১৮ টি, ড্রেন ১৮ টি, ১টি আবাসন প্রকল্প দরপত্র আহ্বান করা হয়েছে। প্রকল্প অফিস হতে এ কাজ গুলো বাস্তবায়নের জন্য অনুমোদন পাওয়া গেছে। কাজ গুলো চলমান রয়েছে। | • সর্বমোট এ কোয়ার্টারে ৩৭টি স্কীমের মাধ্যমে ৩৪,৫৫,০৬,৪০৭.৭২/- (চৌত্রিশ কোটি পঞ্চান্ন লক্ষ ছয় হাজার চারশত সাত টাকা বায়াত্তর পয়সার) উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হবে। | |
| ২.২ | • উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | • নগর পরিকল্পনা ইউনিট চলমান রাখা<br>• কমপক্ষে ৬০% ইমারত নির্মাণ/পুণঃনির্মাণ ভূমি উন্নয়ন কার্যক্রমে নিয়ন্ত্রন আরোপিত<br>• সরকারি জমিতে (নদী, খাল, খাস জমি ইত্যাদি) অবৈধ প্রবেশের ফলপ্রসু নিবারণ কার্যকর | • প্ল্যান অনুমোদন বিহীন কোন নির্মাণ কাজ পরিচালনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পূর্বে নির্মিত অবকাঠামো সমূহ প্ল্যানের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | • ১৭/০২/২০১৬খ্রি. তারিখে নগর পরিকল্পনা ইউনিট পুনঃগঠন করা হয়।<br>• সভায় সচিব জানান, এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টার এ ২৩ টি প্ল্যান এর আবেদন পাওয়া গেছে। ১২ টি অনুমোদন দেয়া হয়েছে। | • প্ল্যান অনুমোদন বিহীন কোন নির্মাণ কাজ পরিচালনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• প্ল্যান অনুমোদন দেয়ার ক্ষেত্রে নাগরিকবৃন্দ যাতে কোন প্রকার হয়রানির শিকার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পূর্বে নির্মিত অবকাঠামো সমূহ প্ল্যানের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/প্রকৌশল বিভাগ |
| ২.৩ | • বাজেট বরাদ্দ সহ বার্ষিক Operation & Maintenance (O & M) কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। | • O & M Plan প্রস্তত, অনুমোদিত, বাস্তবায়িত এবং পৌরসভার ওয়েবসাইটে প্রকাশিত<br>• প্রতি বছর কমপক্ষে ৫% বাজেট বরাদ্দ বৃদ্ধি | • বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | • O & M খাতে পানখাইয়া পাড়া সড়ক, হাসপাতাল এলাকার সড়ক সমূহ, বিজিবি সড়ক, নয়নপুর সড়ক, কুমিল্লাটিলা সড়ক, মুক্ত মঞ্চ এরিয়া, কুমিল্লাটিলা আর্তমানব সড়কের কাজ চলছে। | • কোয়ার্টারলি কার্যক্রমের পরিকল্পনা পৌরসভার ওয়েবসাইট এ প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/ সচিব/প্রকৌশল বিভাগ/হিসাব রক্ষক |

## ক্ষেত্র- ৩ ঃ নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৩.১ | • জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • আলোচ্য বিষয় ও কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• কার্যক্রম ও দায়-দায়িত্বসহ GAP TLCC কর্তৃক | জেন্ডার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম হাতে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ১৭-০২-২০১৬খ্রি. তারিখের বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর | • কমিটির নিয়মিত কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলমান কোয়ার্টারের ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠক সম্পাদন করা হয় মর্মে সদস্য সচিব সভায় অবগত | • জেন্ডার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা হবে।<br>• প্রতি কোয়ার্টারের জন্য | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক স্থায়ী |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>• GAP বাস্তবায়নে মাসিক সভা অনুষ্ঠান, কার্য বিবরণী প্রস্তুত ও বিতরণ এবং বাস্তবায়নের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত PMO-তে প্রেরণ।<br>• GAP বাস্তবায়নে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা উপস্থাপন, আলোচনা ও রেকর্ডকরণ (বক্তার নামসহ);<br>• এ TLCC সভায় GAP এর আলোচনার বাইরেও নারী সদস্য কর্তৃক আলোচিত গুরুত্বপূর্ণ বক্তব্য বক্তার নামসহ রেকর্ডকরণ ।</td><td>অনুমোদিত<br>• রাজস্ব বাজেট হতে তহবিল বরাদ্দ করে পরিকল্পনা অনুযায়ী GAP কার্যক্রম বাস্তবায়িত</td><td>আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি পুনঃগঠন করা হয়।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
<table>
<tr><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>বেগম সালেহা রহমান</td><td>কাউন্সিলর ১ নং সংরক্ষিত আসন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>জনাব রফিকুল আলম</td><td>মেয়র, পদাধিকার বলে</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাবা সুইনাংচিং মারমা</td><td>কাউন্সিলর ৩ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>বেগম শাহিদা আক্তার</td><td>কাউন্সিলর ২ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব আবদুল মজিদ</td><td>কাউন্সিলর ৫ নং ওয়ার্ড সাধারণ আসন</td><td>সদস্য</td></tr>
</table>
# জনাব প্রভাত তালুকদার, সহকারী কর আদায়কারী (ভাঃ), খাগড়াছড়ি পৌরসভা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।</td><td>করেন। উক্ত উঠান বৈঠক সমূহে মেয়র মহোদয় কাউন্সিলর বৃদ সহ উপস্থিত ছিলেন। এছাড়াও GAP এর আওতায় সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হচ্ছে।<br>• ২০১৬-২০১৭ অর্থ বছরের এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টারের GAP এর সংশোধিত বাজেট রাখা হয়েছে ১১,৭৫,০০০/- টাকা । ত্রৈমাসিক ব্যয় ১,১১,০০০/- টাকা।</td><td>উঠান বৈঠক সমূহ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• বাজেট অনুযায়ী নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• সেনিটারী ন্যাপকিন তৈরির জন্য নিরাপদ স্থানে দোকান-ঘর নির্মান সহ স্থানান্তরের ব্যবস্থা করা হবে।</td><td>কমিটি</td></tr>
<tr><td>৩.২</td><td>• দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (PRAP) (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)</td><td>• আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• কার্যক্রম ও দায়-দায়িত্বসহ PRAP TLCC কর্তৃক অনুমোদিত<br>• রাজস্ব বাজেট হতে তহবিল বরদ্দ করে পরিকল্পনা অনুযায়ী PRAP বাস্তবায়ন</td><td>• বিগত ১৭-০২-২০১৬খ্রি. তারিখে বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (PRAP) পুনঃ গঠন করা হয়। কমিটি নিম্নরূপ:
<table>
<tr><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>জনাব মো. আনোয়ার হোসেন</td><td>কাউন্সিলর ৬ নং ওয়ার্ড সাধারণ আসন</td><td>সভাপতি</td></tr>
</table></td><td>• পুনঃ গঠিত কমিটি দায়িত্ব পাওয়ার পর থেকে নিয়মিত মাসিক সভা করা হচ্ছে। প্র্যাপ কমিটির আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এই কমিটির আওতায় প্রকল্পের নির্দেশনা মোতাবেক অত্র পৌর এলাকার বস্তি সমূহে জরীপ কার্যক্রম করা হয়েছে এবং প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে।</td><td>• প্র্যাপ কমিটির আওতায় শিক্ষা অনুদান চলামান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• বাজেট অনুযায়ী নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• আর্থ সামাজিক উন্নয়নের জন্য কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের</td><td></td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td></td><td></td><td><table>
<tr><td>জনাব রফিকুল আলম</td><td>মেয়র, পদাধিকার বলে</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাবা সুইনাংচিং মারমা</td><td>কাউন্সিলর ৩ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>বেগম সালেহা রহমান</td><td>কাউন্সিলর ১ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব মো. মাসুম রানা</td><td>কাউন্সিলর ২ নং ওয়ার্ড সাধারণ আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব আবদুল আজিজ আকন্দ</td><td>দরিদ্র শ্রেণীর প্রতিনিধি ২ নং ওয়ার্ড (পুরুষ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>বেগম হাজেরা খাতুন</td><td>দরিদ্র শ্রেণীর প্রতিনিধি ৬ নং ওয়ার্ড (মহিলা)</td><td>সদস্য</td></tr>
<tr><td>নির্বাহী প্রকৌশলী</td><td>নির্বাহী প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>LCDA ( Community ) UGIIP-III</td><td>LCDA ( Community ) UGIIP-III</td><td>সদস্য</td></tr>
</table><br># জনাব আবু তাহের, বস্তি উন্নয়ন কর্মকর্তা (ভাঃ), খাগড়াছড়ি পৌরসভা, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।</td><td>• ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত বাজেট রাখা হয়েছে ২৯,৩৬০০০/-<br>• ২০১৬-১৭ অর্থ বছরে বাজেট অনুযায়ী এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টারে PRAP বাবদ খরচ হয়েছে ১৩,৮৬,০০০/-</td><td>ব্যবস্থা নেয়া হবে।</td><td></td></tr>
<tr><td>৩.৩</td><td>• বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন</td><td>• নির্বাচিত বস্তিতে SIC গঠিত<br>• নিয়মিত ভাবে SICর সভা আয়োজিত<br>• SIC'র সকল সদস্যের সক্রিয় অংশগ্রহনের মাধ্যমে বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত</td><td>• প্রকল্প কর্তৃক পরবর্তী নির্দেশনা পাওয়ার পর উক্ত বস্তি সমূহের উন্নয়নে কাজ করা হবে।<br>• ০৯টি ওয়ার্ডের ০৭টি বস্তি বর্তমান অবস্থার সচিত্র প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে।<br>• সভায় সচিব জানান ইতিমধ্যে পৌর এলাকার ১৪টি বস্তির মধ্যে প্রকল্প কর্তৃক অনুমোদন প্রাপ্ত ৭টি বস্তি যথাক্রমে;</td><td>• উক্ত বস্তি সমূহে ১৩৬টি প্রাথমিক দল (Primary Group-PG) গঠন ও ৭টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন করে সভার কাজ সম্পন্ন পূর্বক কার্যবিবরণী প্রকল্প অফিসে প্রেরণ করা হয়।<br>• SIC কমিটির এপ্রিল-জুন ২০১৭ ২০১৭ মাসে ২১ টি সভা করা হয়েছে এবং কমিটির সকল</td><td>• প্রকল্প কর্তৃক পরবর্তী নির্দেশনা পাওয়ার পর উক্ত বস্তি সমূহে উন্নয়ন মূলক কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ার পার্সন এবং সদস্য সচিব প্র্যাপ স্টিয়ারীং কমিটি</td></tr>
</table>

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | বস্তির নাম – ওয়ার্ড নং<br>বৃহত্তর শালবন – ০৬<br>কুমিল্লাটিলা – ০২<br>কলেজগেইট – ০২<br>মুসলিম পাড়া – ০৩<br>কালাডেবা – ০৯<br>সিঙ্গিনালা – ০১<br>ফুটবিল – ০৯ | সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• ১৯-২০ মে ২০১৭ তারিখ SIC কমিটির সদস্যদের পৌরসভার সম্মেলন কক্ষে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | | |

ক্ষেত্র - ৪ ঃ স্থানীয় সম্পদ আহরন ও বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৪.১ | • হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | • প্রতি পাঁচ বছর পর পর নিয়মিত কর নির্ধারণ যদি প্রযোজ্য হয় এবং নিয়ম অনুযায়ী প্রতি বছর কর নির্ধারণ সম্পন্ন<br>• বকেয়াসহ হোল্ডিং ট্যাক্স সংগ্রহ বৃদ্ধি (কমপক্ষে চাহিদার ৮০%)<br>• প্রধান কর খেলাপকারীদের বিরুদ্ধে গৃহীত কার্যক্রম | • পৌর কর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য লিফলেট আকারে এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ট্যাক্স আদায়ের রিপোর্ট যথাসময়ে পিএমও তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | • পৌর আইন অনুযায়ী ৫ বছর পর মেয়াদ পূর্ণ হওয়ায় রি-এসেসমেন্ট কার্যক্রম ২০১৬-২০১৭ শুরু করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ০৮ নং ওয়ার্ডে (ঙ)-ফরম বিলির কাজ সম্পাদন করা হয়েছে।<br>• গত ০১/১০/২০১৬ খ্রি. তারিখ হতে ৫টি টিমে বিভক্ত হয়ে ১২ জন মাঠ কর্মী নিয়োগের মাধ্যমে (অস্থায়ী) রি-এসেসমেন্ট কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করা হয়েছে। এ বিষয়ে মাঠ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টারে হোল্ডিং ট্যাক্স বাবদ ত্রৈমাসিক মোট আদায় ৪৭,৬৯,৭১৩/- | • রি-এসেসমেন্ট কার্যক্রমে পৌর এলাকার ৯টি ওয়ার্ডের অভিযোগ নিষ্পত্তির বিষয়ে শুনানী সম্পাদন করা হয়েছে।<br>• ১লা জুলাই ২০১৭ সাল থেকে ২০১৬-২০১৭ অর্থ বছরে পৌর এলাকায় রি-এসেসমেন্টকৃত সকল হোল্ডিং এ পৌর করের বিল বিলি করা হবে। | কর নিরুপন ও আদায় কমিটি,এসেসর,সহকারী এসেসর, সহকারী কর আদায়কারীবৃন্দ |
| ৪.২ | • পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ ( হোল্ডিং ট্যাক্স ব্যতীত) | • বকেয়াসহ পরোক্ষ কর, ট্যাক্স, ফিস, ভাড়া এবং ইজারার টাকা নির্ধারণ ও সংগ্রহ বৃদ্ধি (কমপক্ষে | • আদায় বৃদ্ধির লক্ষ্যে টিএলসিসি সদস্যগণ সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টারে নন ট্যাক্স বাবদ ত্রৈমাসিক মোট আদায় ৭২,৯৯,৭১৩/- | • পরোক্ষ কর আদায় আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কর নিরুপন ও আদায় কমিটি,এসেসর,সহকারী এসেসর, সহকারী কর আদায়কারীবৃন্দ |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | বার্ষিক অফিসিয়াল মূদ্রাস্ফীতির সমপরিমাণ) | | | | |
| ৪.৩ | • কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | • কম্পিউটারাইজড ডাটাবেজ হালনাগাদ করণ<br>• কম্পিউটারাইজড ট্যাক্স বিল উৎপাদিত এবং গ্রাহকগণের নিকট সরবরাহকৃত | সচিব জানান, পৌরসভায় কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা চালু আছে এবং ভবিষ্যতেও কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা চলমান থাকবে। | • এ বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। | • এ বিষয়ে কার্যক্রম অব্যাহত থাকবে এবং কম্পিউটারাইজ ব্যবস্থাকে আরও উন্নত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | সচিব |

ক্ষেত্র - ৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা- **(Financial Management, Accountability and Sustainability)**

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৫.১ | • অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • নাগরিকবৃন্দ ও TLCCর মন্তব্য ও পরামর্শ অনুযায়ী আনুমানিক বাজেট পরিবর্তিত<br>• পৌরসভা পরিষদ কর্তৃক বার্ষিক বাজেট অনুমোদিত এবং পৌর ওয়েবসাইটে প্রকাশিত | • এই কমিটির আওতায় আগামী অর্থ বছরের জন্য খসড়া বাজেট প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• সরবরাহকারী নিয়োগ ও কোটেশনের মাধ্যমে অত্রাফিসের বিদ্যুৎ, ষ্টেশনারী, কঞ্জারভেন্সী মালামাল ক্রয়ের জন্য সুপারিশ করা হয়। | • সভায় সচিব জানান, গত ১১/৫/২০১৭ খ্রি. তারিখ সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বাজেট আলোচনা করা হয়। কমিটি খসড়া বাজেটে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন করে টিএলসিসি কমিটির সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করেন।<br>• গত ৩০/৫/২০১৭ খ্রি. তারিখে টিএলসিসির বিশেষ সভায় ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট, ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট নিয়ে আলোচনা করা হয় এবং অনুমোদন দেয়া হয়। ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে মোট রাজস্ব আয় = ৬৪৭১৩৯১২/- মোট রাজস্ব ব্যয় = | • বাজেট অনুযায়ী পৌরসভার দাপ্তরিক, উন্নয়নমূলক ও অন্যান্য কার্যক্রম গৃহীত হচ্ছে। | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি, প্রশাসন বিভাগ |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | ৬৪১৮১০০০/- মোট উন্নয়ন আয় = ১৪৭২৯৫৪৯৬/-, মোট উন্নয়ন ব্যয় = ১৪৬১৫০০০০/- জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাজেট = ১১৭৫০০০/- ব্যয় = ১১,৩৯,৪৭৯(৯৭%) দারিদ্র বিমোচন কর্মসূচি (PRAP) বাজেট = ২৯,৩৬,০০০/- ব্যয় = ২৩,৫০,০০০/-(৮০%)।<br>• ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটে মোট রাজস্ব আয় = ৭,৫৭,৩৫,৯১২/- মোট রাজস্ব ব্যয় = ৭,৫৪,৯০,০০০/- মোট উন্নয়ন আয় = ৪৬,৭৪,৯৫,৪৯৬/-, মোট উন্নয়ন ব্যয় = ৪৬,৬৬,০০,০০০/- জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাজেট = ১৫,২০,০০০/- দারিদ্র বিমোচন কর্মসূচি (PRAP) বাজেট = ৩১,০০,০০০/- । ২০১৭-১৮ অর্থ বছরের এ পৌরসভার সর্বমোট সম্ভাব্য বাজেটে আয় ধরা হয়েছে =৫৮,৮৮,২৫,৮৩৯/- এবং সর্বমোট সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে =৫৫,১৩,৯০,০০০/- ।<br>গত ৩১/৫/২০১৭ খ্রি. তারিখের **৬ষ্ঠ পৌর পরিষদের ১৬ তম** মাসিক অধিবেশনে ২০১৭-১৮ অর্থ বছরের পৌরসভার বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়।<br>• ২১/৬/২০১৭ খ্রি. তারিখ সকল স্থায়ী কমিটি, TLCC, WC কমিটি, পৌরসভার সুশীল সমাজের নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দের উপস্থিতিতে উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়। | | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | • প্রকৃত আয়-ব্যয়ের উপর আগামী কোয়ার্টারে সংশোধিত বাজেট উপস্থাপন করা হবে।<br>• পৌরসভার ওয়েব সাইটে ***http://khagracharipourashava.gov.bd*** এ বাজেটের পূর্ণাঙ্গ কপি প্রকাশ করা হয়েছে। | | |
| ৫.২ | • অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা। (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • বার্ষিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত<br>• বছরে একবার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক নিরীক্ষার কাজ সম্পাদন ও নিরীক্ষা প্রতিবেদন প্রণীত স্থায়ী কমিটি কর্তৃক প্রণীত নিরীক্ষা প্রতিবেদন TLCC ও পৌর পরিষদে উপস্থাপন এবং ৩ মাসের মধ্যে PMOর নিকট প্রেরিত | • কমিটির মাধ্যমে বিভিন্ন বিল ভাউচার যাচাই বাছাই পূর্বক অডিট সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • অডিট নিষ্পত্তির জন্য গত ২৮/৬/২০১৭ খ্রি. তারিখে স্মারক নং-৫৫৮/৩ মূলে নোটিশ করা হয়। | • কমিটির কার্যক্রম সমূহ কার্যবিবরনী ও সুপারিশ সহ পরিষদের মাসিক অধিবেশনে উপস্থাপন করা হবে।<br>• নিরীক্ষা প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়। | |
| ৫.৩ | • কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | • কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা প্রবর্তিত | • কার্যক্রম অব্যহত থাকবে। | • কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা কার্যক্রম অব্যাহত রয়েছে। | • কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫.৪ | • বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | • বর্তমান ও বকেয়া বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধিত (৯০% বিল পরিশোধিত এবং সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের নিকট হতে সনদ সংগৃহীত) | • নিয়মিত বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • নিয়মিত বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করা হয়।<br>• এই কোয়ার্টারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে বিল পরিশোধের সনদ সংগ্রহের জন্য পৌরসভার পক্ষ হতে পত্র দেওয়া হয়েছে। এছাড়া এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টারের মধ্যে সর্বশেষ বিদ্যুৎ বিল বাবদ ১,৮০,৮৯৩/- টাকা এবং টেলিফোন বিল বাবদ ১১,৬৪৬/- টাকা | • নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট পিএমও তে প্রেরণ করা হবে। | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | পরিশোধ করা হয়েছে। | | |
| ৫.৫ | • স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন। | • স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করণ<br>• সম্পদের ভাড়া ও ইজারার মূল্য বৃদ্ধি ও হালনাগাদ করণ<br>• স্থায়ী সম্পদের ডাটাবেজ প্রণীত ও ব্যবহৃত<br>• স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তিত | • পরবর্তী টিএলসিসি সভায় স্থায়ী সম্পত্তির হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করা হবে। | • স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করা হবে। | • স্থায়ী সম্পত্তির হালনাগাদ তথ্যাদি কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫.৬ | • সকল সরকারি ঋণ পরিশোধ করা | • কমপক্ষে ৯০% GoB/BMDF এর ঋণ পরিশোধিত এবং বকেয়া অপরিশোধিত ঋনের জন্য নতুন মেয়াদ নির্ধারিত | আলোচনা হয়নি। | • বিএমডিএফ প্রকল্পের কার্যক্রম চালু হয়েছে। এই প্রকল্প হতে গৃহীত ঋণ যথাসময়ের মধ্যে পরিশোধ করা হবে। | • ঋণ সমূহ যথা সময়ের মধ্যে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

ক্ষেত্র - ৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৬.১ | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • নির্ধারিত ব্যবধানে SCর সভা আয়োজিত<br>• সভার আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও TLCCকে অবহিত করণ | • কমিটির কার্যবিবরণী পিএমও অফিসে প্রেরণ করা হবে। | • গুরুত্বপূর্ন স্থায়ী কমিটি সমূহ ৬ষ্ঠ পৌর পরিষদের গত ১৭/০২/২০১৬ খ্রি. তারিখের ১ম মাসিক অধিবেশনে গঠন করা হয়েছে।<br>• স্থায়ী কমিটি সমূহের সভার সুপারিশসমূহ আলোচনা করা হয়। আগামী মাসিক অধিবেশনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | • স্থায়ী কমিটির সভার সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। | মেয়র ও সচিব |
| ৬. ২ | সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান | • সকল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• পৌরসভার নিজস্ব বাজেট হতে প্রশিক্ষণ | • পরবর্তী যে কোন প্রশিক্ষণের নির্দেশনা পেলে অংশ গ্রহণ করা হবে | • এসআইসি কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• রি-এসেসমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• বাজেট সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• আরএমএসইউ কুমিল্লায় টিএলসিসি এর সদস্যবৃন্দকে কমিটির কার্যক্রমের | • পরবর্তী যে কোন প্রশিক্ষণের নির্দেশনা পেলে অংশ গ্রহণ করা হবে। | মেয়র ও সচিব |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | নিশ্চিতকরণ | কর্মসূচীর পরিকল্পনা ও বাস্তবায়ন | | উপর কুমিল্লায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• আরএমএসইউ চট্টগ্রামে যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটির সদস্যবৃন্দ ও প্রকৌশলী বৃন্দদেরকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>• জিআরসি বিষয়ে সকল কাউন্সিলর বৃন্দ ও সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দকে আরএমএসইউ চট্টগ্রামে এর মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>• প্রকৌশলী গণকে ইজিপির বিষয়ে প্রকল্প অফিসে প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>• এডভান্সড পর্যায়ে প্রকল্পের করণীয় বিষয়াদি সম্পর্কে মেয়র, সচিব এবং নির্বাহী প্রকৌশলীকে প্রকল্প অফিসের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• ঢাকা-এনআইএলজিতে সকল পৌর কাউন্সিলরবৃন্দের পৌরসভা কার্যক্রম বিষয়ক অবহিতকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• প্রকল্প হতে বিভিন্ন বিষয়ে প্রকৌশলী এবং ড্রাইভারবৃন্দকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | • প্রকল্প নির্ধারিত প্রশিক্ষণ সমূহে অংশগ্রহণ নিশ্চিত করা হবে। | |
| ৬.৩ | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ICTব্যবহার (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | • পৌরসভার ওয়েবসাইট সক্রিয় ও ব্যবহৃত<br>• সংশ্লিষ্ট সকল তথ্য আপলোড এবং নিয়মিত হালনাগাদকৃত | • | • পৌরসভার ওয়েবসাইট: http://khagracharipourashava.gov.bd/ সকল তথ্য নিয়মিত আপলোড এবং হালনাগাদ করা হয়।<br>• পৌরসভার ওয়েব পোর্টাল http://www.paurainfo.gov.bd/<br>• পৌরসভার ফেইসবুক পেইজ: https://web.facebook.com/mayor.khagracharimunicipality/<br>• এছাড়াও পৌরসভায় মন্ত্রণালয় নির্দেশনা মোতাবেক পৌর ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে এবং সেবা প্রদান করা হচ্ছে। | • এ কার্যক্রমসমূহে আরও উন্নত করা হবে। | |

ক্ষেত্র - ৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা **(Keeping Essential Pourashava Services Functional)**

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৭.১ | • বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত | • মাসিক কর্মপরিকল্পার ভিত্তিতে কার্যক্রম অব্যাহত রাখার | • বর্জ্য সুনির্দিষ্ট স্থানে রাখার বিষয়ে নিয়মিতভাবে মাইকিং, | • বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম | সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক, |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | ব্যবস্থাপনা | • মূল এলাকায় বর্জ্য নিয়মিত সংগৃহীত এবং নিরাপদ স্থানে অপসারিত<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | সিদ্ধান্ত গৃহীত হয়। | পোস্টার ও হ্যান্ডবিলের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়া হয়।<br>• মসজিদ/মন্দিরে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য পৌর এলাকার সকল মসজিদের ইমামদের চিঠি ও হ্যান্ডবিলের মাধ্যমে সম্পৃক্ত করা হয়েছে।<br>• প্রত্যেক সম্মানীত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ স্ব স্ব ওয়ার্ডে বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় মতামত/পরামর্শ প্রদান করবে।<br>• পরিষ্কার পরিচ্ছন্নতা শাখার সকল কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করে কর্মবন্টন করা হয় এবং সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। | মাসিক পরিকল্পনার ভিত্তিতে বাস্তবায়ন করা এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে উন্নত প্রযুক্তির ব্যবহারের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। | কাউন্সিলরবৃন্দ, সচিব, কঞ্জারভেন্সী শাখা। |
| ৭.২ | • ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• নিয়মিত প্রাইমারী ড্রেন পরিষ্কার<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • মাসিক কর্মপরিকল্পার ভিত্তিতে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • নিয়মিতভাবে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে।<br>• গৃহীত পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ওয়ার্ডে ড্রেণ পরিষ্কার করা হয়েছে। এই খাতে সংশোধিত ৫১,৫০,০০০/- টাকা বাজেট ধরা হয়েছে।<br>• এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টারে ১৪,৭৮,১২২/- টাকা ব্যয় করা হয়। | • মাসিক পরিকল্পনার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করা এবং প্রতিটি ওয়ার্ডে মাস্টার ড্রেন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ, প্রকৌশল বিভাগ, সচিব, কঞ্জারভেন্সী শাখা। |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৭.৩ | • সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা। | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• ৯০% সড়কে বাতি কার্যকর<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • বাজেট বরাদ্দের ভিত্তিতে কার্যকর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • সংশ্লিষ্ঠ শাখার প্রতিবেদন মূলে সচিব জানান, এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টার এ নতুন-২০৫ টি লাইট স্থাপন করা হয়েছে। মেরামত করা হয়েছে-১৫৪টি। নতুন কোন লাইন স্থাপন করা হয়নি। তবে ৮টি নতুন শেড স্থাপন করা হয়েছে এবং ৯৬ মিটার পুরাতন লাইন মেরামত করা হয়েছে।<br>• এই খাতে ১৯,০০,০০০/- টাকা সংশোধিত বাজেট ধরা হয়েছে। ব্যয় করা হয়েছে ৬,০৯,৯৯৪/-। | • সড়ক বাতি কার্যকর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পর্যায়ক্রমে সড়কবাতি আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ ও বিদ্যু শাখা |
| ৭.৪ | • অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• অগ্রাধিকার O&M কার্যক্রম বাস্তবায়িত<br>• মোবাইল মেইনটেন্যান্স টিম কার্যকর<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • টিমের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • মোবাইল মেইনটেন্যান্স টিম গঠন করা হয়েছে। এই খাতে ১৫,০০,০০০/- টাকা সংশোধিত বাজেট ধরা হয়েছে। | • প্রয়োজন অনুযায়ী পৌর এলাকার সকল ওয়ার্ডে Mobile Maintenance এর মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে। | মেয়র, সংশ্লিষ্ট কাউন্সিলর, প্রকৌশল বিভাগ |
| ৭.৫ | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা। | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• পাবলিক টয়লেট কার্যকর ও পরিষ্কার<br>• ফেকাল স্লাজ ব্যবস্থাপনা শুরু<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • সভাপতি বলেন, পৌরসভার আয়ের সকল সীমাবদ্ধাতার মধ্যেও পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডের দরিদ্র পরিবারের মাঝে স্যানিটেশন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে রিং ও স্ল্যাব বিতরণ করা হয়েছে।<br>• কিন্তু পৌর এলাকার বস্তি | • রাজস্ব স্বচ্ছলতার সাপেক্ষে এ বিষয়ে আরো কর্মসূচি নেওয়া হবে এবং প্রকল্প কর্তৃক বরাদ্দ পেলে জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব ও প্রকৌশল বিভাগ। |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | এলাকা সমূহে স্যানিটেশন ব্যবস্থার ব্যাপক চাহিদা রয়েছে। তা পর্যায়ক্রমে পূরণ করা হবে। এই খাতে ২,০০,০০০/-টাকা সংশোধিত বাজেট ধরা হয়েছে। এপ্রিল-জুন ২০১৭ কোয়ার্টার ৯৮,৯৩৯/- টাকা খরচ করা হয়েছে। | | |

| ক্রম | টিএলসিসি সদস্যদের পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | জনাব আনোয়ার হোসেন<br>কাউন্সিলর ০৬ আসন ও সভাপতি দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও সদস্য টিএলসিসি কমিটি বলেন, সম্প্রীতি প্রবল বর্ষনের কারনে শালবন ৬নং ওয়ার্ড সহ পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে পাহাড় ধস হয়ে ড্রেন ভরাট হয়ে গেছে। তিনি এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য সভাপতির দৃষ্টি আর্কষন করেন। | সভাপতি বলেন, পর্যায়ক্রমে পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডে প্রবল বর্ষনের কারনে ভরাট হয়ে যাওয়া ড্রেণ রাস্তা সমূহ পরিষ্কার করা হবে এবং প্রতিটি ওয়ার্ডের পাহাড় ধসে ঝুঁকিতে থাকা পরিবার গুলোকে প্রাকৃতিক দুর্যোগের আগেই নিরাপদ স্থানে সরানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। পর্যায়ক্রমে পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডে প্রবল বর্ষনের কারনে ভরাট হয়ে যাওয়া ড্রেণ রাস্তা সমূহ পরিষ্কার করা হবে।<br>২। পাহাড়ের পাদদেশে ঝুঁকিতে বসবাসকারি পরিবার গুলোকে নিরাপদ স্থানে সরানোর জন্য মাইকিং সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট কমিটি ও কনজারভেন্সী শাখা |
| ২. | জনাব ফরিদ উদ্দিন<br>নাগরিক সমাজের প্রতিনিধি- ও সদস্য টিএলসিসি কমিটি বলেন,<br>এসআইসি কমিটির সদস্যদেরকে পৌরসভায় প্রশিক্ষণ প্রদান করায় তিনি সভাপতিকে ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন এই ধরনের প্রশিক্ষণ উন্নয়নমূলক কার্মকান্ড সমূহ বাস্তবায়নে সহায়ক হবে। | সভাপতি বলেন, এ কার্যক্রম গুলো অব্যাহত রাখা হবে। | ১। প্রতিটি বিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রকৌশল বিভাগ |
| ৩. | নির্বাহী প্রকৌশলী এ অফিস<br>সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী অবহিত করেন যে, জনগণের চাহিদার প্রেক্ষিতে UGIIP-III কর্তৃক বাস্তবায়িত Lot-01& Lot-02 এর | সভাপতি বলেন, জনস্বার্থের কথা বিবেচনায় এনে প্রস্তাবিত পরিবর্তন করার বিষয়ে তিনি প্রকৌশল বিভাগকে নির্দেশনা দেন। | ১। সভার সুপারিশ এর আলোকে নির্বাহী প্রকৌশলী উপস্থাপিত প্রস্তাবনা বিস্তারিত আলোচনা ক্রমে অনুমোদিত | প্রকৌশল বিভাগ |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | কিছ কিছু রাস্তা ও ড্রেন পরিবর্তন করা প্রয়োজন। যেমন- Lot-01 এর R-1(Rehabilitation & widening of road starting from Culvert of Pankhiyapara Road up to APBN Gate.(ch-0+000 to 1+083)m and Connecting road starting from main road chainage 650to Khal (ch-0+000 to 0+016)m by DBC, including Footpath)এর দৈর্ঘ্য কমবে এবং প্রস্থ বাড়বে। R-2 (Improvement of connecting road by HBB starting from end of Existing HBB road and just infront of H/O Shilippaul to the Anondonagar H/O RabonKormokar (ch-0+000 to 0+210)m & 2 nos. connecting road starting from main road to Proposed CC road (ch-0+000 to 0+098)m, (0+000 to 0+093)m at Anondonagar area.) এবং R-3 (Improvement of connecting road by HBB starting from end of Existing HBB road and infront of H/O Shilip Paul up to Rupnagar HBB Road. (ch-0+000 to 0+353)m.)তে G.wall Provide করতে হবে। R-4 (Construction of connecting road by CC starting from Existing Box Culvert of APBN road up to end of HBB road infront of H/O Shilip Paul to (ch-0+000 to 0+354)m.) এর প্রস্থ বাড়াতে হবে R-5 (Rehabilitation of connecting road by CC starting from Existing Box Culvert of Pankhaiyapara Road via Anondonogar Kali Mondir up to Sluice Gate (ch-0+000 to 0+932)m.) এর দৈর্ঘ্য কমবে এবং প্রস্থ বাড়বে। জনগণের চাহিদার ভিত্তিতে এই পরিবর্তন গুলো করা একান্ত প্রয়োজন। Lot-01 এরD-4 (Construction of Drain (Part-C) Starting from H/O MridulBabu Via Kali Mondir to part A Secondary Drain.(Ch 0+000 to 0+405)m). এর প্রস্থ ০.৭০ মিটার থাকলেও বাস্তবতার প্রয়োজনে প্রস্থ ০.৯০ মিটার করতে হবে।<br>Lot-02 এর R-3(Rehabilitation of connecting road by RCC starting from the Existing CC road infront of H/O Banker Mohsin via Primary School cum Kali Mondir up to Existing CC road (ch-0+000 to 0+254) m& | | দেয়া হলো। অনুমোদন অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | connecting road start from PankhaiyaparaKhal to main road (ch-0+000 to 0+264)m) তে প্রতিরোধ দেয়াল Provide করতে হবে এবং দৈর্ঘ্য বৃদ্ধি করা প্রয়োজন। Site সমস্যা এবং Contract Amount এর সীমাবদ্ধতার কারণে R-4 এর ২টা লিংক{(a) starting from the infront of H/O Ali Osmani up to Mushlimpara road (ch-0+000 to 0+78)m (b) starting from the infront of H/O Abdul Jalil up to existing HBB road (ch-0+000 to 0+ 118)m} রোডবাদ দিতে হয়েছে।D-2( Construction of Drain from Pankhiyapara Road to Khagrachari KhalGhat. Ch. 0+000 to 0+097m and Construction of Connecting Drain starting from Pankhiyapara Road up to Main Drain. (Ch 0+000 to 0+070)m.) এর প্রস্থ ০.৭০ মিটার থাকলেও দৈর্ঘ্য কমিয়ে প্রস্থ ১.৩০ মিটার করতে হবে এবং Top slab Provide করতে হবে। Lot-02 এর D-4 (Construction of Outfall Drain at Anandanagor Area. (Ch.0+000 to 1+ 500)m.) অর্থাৎ মাষ্টার ড্রেনের দৈর্ঘ্য কমবে এবং ১১৫ মিটার Top slab Provide করতেহবে।<br>এছাড়াও Lot-01& Lot-02 এর কাজ গুলো বাস্তবায়ন করতে গেলে স্কীম সংশ্লিষ্ট Electric Pole গুলো অবশ্যই স্থানান্তর করতে হবে ফলে রাস্তা ও ড্রেনের কাজের টেকসই এবং কার্যকারিতা বৃদ্ধি পাবে।<br><br>নির্বাহী প্রকৌশলী বলেন, জনগণের দাবীর প্রেক্ষিতে UGIIP-III কর্তৃক বাস্তবায়িত Lot-01& Lot-02 এর কিছু কিছু রাস্তা ও ড্রেন পরিবর্তন করা প্রয়োজন। যেমন- Lot-01 এরR-1(Rehabilitation & widening of road starting from Culvert of Pankhiyapara Road up to APBN Gate.(ch-0+000 to 1+083)m and Connecting road starting from main road chainage 650to Khal (ch-0+000 to 0+016)m by DBC, including Footpath) এর দৈর্ঘ্য কমবে এবং প্রস্থ বাড়বে। R-2 (Improvement of connecting road by HBB starting from end of Existing HBB road and just infront of H/O Shilippaul to the Anondonagar H/O RabonKormokar (ch-0+000 to 0+210)m & 2 nos. connecting road starting from main road to Proposed CC | | | |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | road (ch-0+000 to 0+098)m, (0+000 to 0+093)m at Anondonagar area.) এবং R-3 (Improvement of connecting road by HBB starting from end of Existing HBB road and infront of H/O Shilip Paul up to Rupnagar HBB Road. (ch-0+000 to 0+353)m.) তে G.wall Provide করতেহবে। R-4 (Construction of connecting road by CC starting from Existing Box Culvert of APBN road up to end of HBB road infront of H/O Shilip Paul to (ch-0+000 to 0+354)m.) এরপ্রস্থ বাড়াতে হবে R-5 (Rehabilitation of connecting road by CC starting from Existing Box Culvert of Pankhaiyapara Road via Anondonogar Kali Mondir up to Sluice Gate (ch-0+000 to 0+932)m.) এর দৈর্ঘ্য কমবে এবং প্রস্থ বাড়বে। জনগণের চাহিদার ভিত্তিতে এই পরিবর্তন গুলো করা একান্ত প্রয়োজন। Lot-01 এর D-4 (Construction of Drain (Part-C) Starting from H/O MridulBabu Via Kali Mondir to part A Secondary Drain.(Ch 0+000 to 0+405)m). এর প্রস্থ ০.৭০ মিটার থাকলেও বাস্তবতার প্রয়োজনে প্রস্থ ০.৯০ মিটার করতে হবে।<br>Lot-02 এর R-3(Rehabilitation of connecting road by RCC starting from the Existing CC road infront of H/O Banker Mohsin via Primary School cum Kali Mondir up to Existing CC road (ch-0+000 to 0+254) m& connecting road start from Pankhaiyapara Khal to main road (ch-0+000 to 0+264)m) তে প্রতিরোধ দেয়াল Provide করতে হবে এবং দৈর্ঘ্য বৃদ্ধি করা প্রয়োজন। Site সমস্যা এবং Contract Amount এর সীমাবদ্ধতার কারণে R-4 এর ২টা লিংক {(a) starting from the infront of H/O Ali Osmani up to Mushlimpara road (ch-0+000 to 0+78)m (b) starting from the infront of H/O Abdul Jalil up to existing HBB road (ch-0+000 to 0+ 118)m} .রোড বাদ দিতে হয়েছে। D-2( Construction of Drain from Pankhiyapara Road to KhagrachariKhalGhat. Ch. 0+000 to 0+097m and Construction of Connecting Drain starting from Pankhiyapara Road up to Main Drain. (Ch | | | |

| ক্রম | টিএলসিসি সদস্যদের পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | 0+000 to 0+070)m.) এরপ্রস্থ ০.৭০ মিটার থাকলেও দৈর্ঘ্য কমিয়েপ্রস্থ ১.৩০ মিটারকরতেহবেএবং Top slab Provide করতেহবে। Lot-02 এরD-4 (Construction of Outfall Drain at Anandanagor Area. (Ch.0+000 to 1+ 500)m.) অর্থাৎ মাষ্টার ড্রেনের দৈর্ঘ্য কমবে এবং ১১৫ মিটার Top slab Provide করতে হবে। জনসাধারণের চলাচলে সুবিধার্থে Top slab দেয়া প্রয়োজন।<br>এছাড়াও Lot-01& Lot-02এর কাজ গুলো বাস্তবায়ন করতে গেলে স্কীম সংশ্লিষ্ট Electric Pole গুলো অবশ্যই স্থানান্তর করতে হবে ফলে রাস্তা ও ড্রেনের কাজের টেকসই এবং কার্যকারিতা বৃদ্ধি পাবে। | | | |

**পরিশেষে আর কোন আলোচনা না থাকায় এ পৌরসভাকে আধুনিক, পর্যটনমুখী, পরিবেশবান্ধব, যানজটমুক্ত, জনবান্ধব, পরিচ্ছন্ন একটি মডেল পৌরসভা হিসেবে হিসেবে গড়ে তুলার লক্ষ্যে সকলের সহযোগীতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

(রফিকুল আলম)
মেয়র
খাগড়াছড়ি পৌরসভা।

**স্মারক নং-খাঃ পৌঃ কাঃ/ ৫৫৯**

তারিখঃ ২৮/০৬/২০১৭ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ</u>

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম ।
৩. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III) এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৭. টিম লিডার GICD, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮. উপ-পরিচালক, রিজিওনাল মিউনিসিপ্যাল সাপোর্ট ইউনিট, এলজিইডি, চট্টগ্রাম।
৯. জনাব/বেগম.......................................... সদস্য, টিএলসিসি কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
১০. পৌর কাউন্সিলর জনাব/বেগম..........................................
(সকল) নং............ ওয়ার্ড/১/২/৩ নং সংরক্ষিত আসন, সভাপতি/সদস্য/সদস্য টিএলসিসি কমিটি/..........................................কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
১১. জনাব/বেগম.......................................... বিভাগীয় প্রধান (সকল), এ অফিস।
১২. জনাব/বেগম.......................................... শাখা প্রধান/শাখা/
সদস্য সচিব..........................................কমিটি (সকল) এ অফিস।
১৩. অফিস কপি।

(রফিকুল আলম)
মেয়র
খাগড়াছড়ি পৌরসভা।